



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/১৭৮৫(১২৫০)

তারিখঃ ১৯/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিতকরণ এবং Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উল্লেখিত সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনা অনুসরণপূর্বক অত্র ব্যাংকের বিতরণকৃত মোট মেয়াদী ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ৫% পরিবেশবান্ধব অর্থায়ন ও বিতরণকৃত মোট ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ২০% টেকসই অর্থায়ন খাতে বিতরণ করার বাধ্যবাধকতা রয়েছে। সে মোতাবেক পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) খাতে বিতরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক তা অর্জনের জন্য অত্র বিভাগ কর্তৃক মাঠ কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হয়। তবে, ২০২২ পঞ্জিকাবর্ষে টেকসই অর্থায়নে অত্র ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের হার সন্তোষজনক হলেও পরিবেশবান্ধব অর্থায়ন তথা গ্রীন ব্যাংকিং খাতে মাঠ পর্যায়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সন্তোষজনক নয়।

০৩। সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ১/২০২১ এবং সার্কুলার লেটার নং- ০৫/২০২০ এর অনুচ্ছেদ ৩ এ পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালনা করবে মর্মে নির্দেশনা প্রদান করা সত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড আশানুরূপ না হওয়ায় পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের যাচিত লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না।

০৪। এক্ষেপে, পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়ন অর্জন নিশ্চিতকল্পে অত্র ব্যাংকের মাঠ কার্যালয়সমূহ বাংলাদেশ ব্যাংক সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের এসএফডি সার্কুলার লেটার নং- ০২/২০২২ এর নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করবে:

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয় তাদের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহের জন্য পৃথক পৃথক পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে। এ লক্ষ্যমাত্রা অর্জনে Dedicated Sustainable Finance Help Desk সক্রিয় ভূমিকা রাখবে, যা প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের মাধ্যমে নিবিড় তদারকি নিশ্চিত করবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের সকল শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের বিষয়ে যথাযথ প্রশিক্ষণের/কর্মশালায় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি বর্তমান ও সম্ভাব্য গ্রাহকদের/ঋণগ্রহীতাদেরকেও একই বিষয়ের উপর সচেতনতা/প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করবে। এ লক্ষ্যে, বার্ষিক ভিত্তিতে প্রশিক্ষণ সূচী প্রস্তুতপূর্বক তার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবে। এক্ষেত্রে, Virtual Platform ব্যবহার করতে পারবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকা ও চট্টগ্রাম বিভাগের প্রতিটি জেলাসহ অন্যান্য বিভাগের প্রতিটি জেলায় তাদের বিদ্যমান Potential সকল অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করত প্রয়োজনীয় লোকবল নিয়োজিত করবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Dedicated Sustainable Finance Help Desk পরিবেশবান্ধব এবং টেকসই অর্থায়ন সংক্রান্ত যে কোন পরামর্শ প্রদান ও ঋণ আবেদন প্রক্রিয়াকরণসহ সকল কার্যক্রম অগ্রাধিকার বিবেচনায় দ্রুততম সময়ের মধ্যে One stop সেবা প্রদান নিশ্চিত করবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের Dedicated Sustainable Finance Help Desk পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়ন প্রাপ্তি বা এ সংক্রান্ত যে কোন অভিযোগ যথাযথভাবে আমলে নিবে। প্রাপ্ত অভিযোগসমূহের জন্য একটি পৃথক রেজিস্টার বহাল রাখা ও অগ্রাধিকার বিবেচনায় উক্ত অভিযোগ ট্র্যাকিংসহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহ পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের বর্তমান ও সম্ভাব্য ঋণগ্রহীতা, উৎপাদক, সরবরাহকারী, সেবা পরিবেশক, Association এর সুস্থখল ডেটাবেইজ সংরক্ষণ করবে।

২২৩০

৮

চলমান পাতা-০২


বিষয়ঃ পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিতকরণ এবং Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড প্রসঙ্গে।

- ছ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহ প্রতি বছর ন্যূনতম ৩ জন উদ্যোক্তাকে খুঁজে বের করে তাদের পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের উপর প্রশিক্ষণ প্রদান করবে এবং তাদের মধ্যে ন্যূনতম ১ জন উদ্যোক্তাকে উক্ত খাতে অর্থায়ন করবে।
- জ) যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ বিতরণ সংশ্লিষ্ট কার্যক্রম তাদের প্রধান কার্যালয় ভিত্তিক কেন্দ্রীয় ব্যবস্থায় পরিচালিত হয়, তারা Potential শাখা/উপশাখা/ইউনিটে Dedicated Sustainable Finance Help Desk স্থাপনপূর্বক এর কার্যক্রম পরিচালনা করবে।
- ঝ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের উপর অগ্রগতি প্রতিবেদন মাসিক এবং ত্রৈমাসিক ভিত্তিতে যথাক্রমে তাদের সাসটেইনেবল ফাইন্যান্স কমিটি এবং ব্লকি ব্যবস্থাপনা কমিটির নিকট আবশ্যিকভাবে দাখিল করবে।
- ঞ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি ত্রৈমাস অস্তে পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে সংযোজনী-১ এ বর্ণিত ছক মোতাবেক তথ্য/উপাত্ত সন্নিবেশ করে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করবে। আলোচ্য প্রতিবেদনটি Sustainable Finance Report এর অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।
- ট) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সকল শাখায় এসএফডি সার্কুলার নং- ৫/২০২০ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২০ এ বর্ণিত (সময়ে সময়ে পরিবর্তনশীল) পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের product list সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন করবে। পাশাপাশি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা ব্যবস্থাপকবৃন্দ উক্ত অর্থায়নে তাদের শাখাসমূহের কার্যক্রম প্রতিবেদন আকারে বার্ষিক ভিত্তিতে Display board এ প্রদর্শন করবে।
- ঠ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের Sustainable Finance Unit ও Dedicated Sustainable Finance Help Desk এ নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের গৃহীত অভিজ্ঞতা ও প্রশিক্ষণ প্রতিফলিত করার সর্বোচ্চ সুযোগ দিবে। অধিকন্তু, উক্ত Unit ও Desk এ নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বদলীর বিপরীতে যোগ্য পরিবর্তককে নিয়োজিত করবে।
- ড) নারী উদ্যোক্তা, সমাজের অনগ্রসর গোষ্ঠী, Third gender, শারীরিক ও মানসিকভাবে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের প্রয়োজন মোতাবেক পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের ক্ষেত্রে অগ্রাধিকার বিবেচনায় দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করবে।
- ঢ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব উৎস হতে পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জামানতবিহীন অর্থায়ন সুবিধা বিবেচনা করতে পারে। এছাড়া, উক্ত অর্থায়নে প্রয়োজনের নিরিখে গ্রাহককে যৌক্তিক পর্যায়ে গ্রেস পিরিয়ড সুবিধা প্রদান করতে পারে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের এসএফডি সার্কুলার লেটার নং- ০২/২০২২ অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়ন অর্জন নিশ্চিতকল্পে প্রচলিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ এবং সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসরণে এ খাতে ঋণ বিতরণ ত্বরান্বিতকরণ এবং Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতি ত্রৈমাস অস্তে পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে এতদসঙ্গে সংযুক্ত সংযোজনী-১ মোতাবেক তথ্য/উপাত্ত সন্নিবেশ করে একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য মাঠ কার্যালয় সমূহকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

 (মোহাম্মদ মুইনুল হোসেন)
 উপমহাব্যবস্থাপক
 ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

পত্র নং-প্রকা/ক্রবি(শাখা-৩)প্রক্রবি-৩(৭৯)/২০২২-২০২৩/১৭৮৫(১২৫০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে থাইডেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


 (মোঃ এনামুল হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং: ০১

তারিখ: জানুয়ারি ১১, ২০২১
পৌষ ২৭, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রিয় মহোদয়,

পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ০৫/২০২০ তারিখ: ডিসেম্বর ৩০, ২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০৫/২০২০ তারিখ: সেপ্টেম্বর ০৯, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বছরের প্রারম্ভে পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা যথাক্রমে অনূন ২% এবং ১৫% নির্ধারণ করতে হবে। উক্ত হারসমূহ পূর্ববর্তী বছরের ডিসেম্বর ৩১ তারিখের নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ ও মোট শ্রেণিকৃত ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ণীত হবে। উল্লেখ্য, নির্দেশিত লক্ষ্যমাত্রা এ বিভাগকে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে।

(খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জনের হার তাদের বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অনূন ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) অর্জনের হার তাদের বিতরণকৃত মোট ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অনূন ২০% অর্জন নিশ্চিত করতে হবে।

(ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিবেশ বান্ধব ও টেকসই পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের মাধ্যমে বার্ষিক কাস্থিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা রাখবে।

(ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রিন ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) কার্যক্রমের অর্জন তাদের CAMELS Rating এবং Sustainability Rating of Banks and Financial Institutions এর মূল্যায়নে বিবেচিত হবে।

৩। পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালনা করবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd

gm.sfd@bb.org.bd



এসএফডি সার্কুলার লেটার নং: ০৩

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮
০৪ আগস্ট ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) এর লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

এসএফডি সার্কুলার নং- ০১/২০২১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
উক্ত সার্কুলারের মাধ্যমে পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ ও মোট শ্রেণিকৃত ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ধারণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। এ ক্ষেত্রে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশবান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ, মোট শ্রেণিকৃত ঋণ এবং ক্রেডিট কার্ড ঋণ বাদ দিয়ে নির্ণীত হবে।

৩। এতদ্ব্যতীত এসএফডি সার্কুলার নং- ০১/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী বলবৎ থাকবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার লেটার নং: ০৫

তারিখ: সেপ্টেম্বর ০৯, ২০২০
ভাদ্র ২৫, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রিয় মহোদয়,

পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত সেপ্টেম্বর ০৪, ২০১৪ তারিখের জিবিএসআরডি সার্কুলার নং- ০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে জানুয়ারি ২০১৬ হতে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা তাদের বিতরণকৃত মোট ফান্ডেড ঋণ/বিনিয়োগের ৫% নির্ধারণ করা হয়েছিল।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জন/অগ্রগতি পরিবীক্ষণের জন্য পরিবেশ বান্ধব অর্থায়নের হার নির্ণয়ে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) ভিত্তি হিসেবে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্যান্য ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে চিহ্নিত/স্বীকৃত পরিবেশ বান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের ক্ষেত্রে উক্ত হার বিবেচিত হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রিন ব্যাংকিং কার্যক্রমের অর্জন তাদের CAMELS রেটিং মূল্যায়নে বিবেচিত হবে।

৩। এছাড়া, পরিবেশ বান্ধব অর্থায়ন সহযোগিতা বৃদ্ধি, পরামর্শ প্রদান এবং ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Potential সকল অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জনসহ গ্রিন ব্যাংকিং এর যাবতীয় কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়ের ‘সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট’ এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালিত হবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ’ল যা অবিলম্বে কার্যকর হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার লেটার নং: ২

১৮ সেপ্টেম্বর ২০২২
তারিখ: -----
৩ আশ্বিন ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড প্রসঙ্গে।

- সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ১/২০২১ এবং সার্কুলার লেটার নং- ০৫/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
- ২। উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারের অনুচ্ছেদ ৩ এ পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের ‘সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট’ এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকান্ড পরিচালনা করবে মর্মে নির্দেশনা প্রদান করা সত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকান্ড আশানুরূপ না হওয়ায় পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের যাচিত লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না।
- ৩। বর্ণিত প্রেক্ষাপটে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়ন অর্জন নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করবে:
- ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয় তাদের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহের জন্য পৃথক পৃথক পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে। এ লক্ষ্যমাত্রা অর্জনে Dedicated Sustainable Finance Help Desk সক্রিয় ভূমিকা রাখবে, যা প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের মাধ্যমে নিবিড় তদারকি নিশ্চিত করবে।
- খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের সকল শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের বিষয়ে যথাযথ প্রশিক্ষণের/কর্মশালায় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি বর্তমান ও সম্ভাব্য গ্রাহকদের/ঋণগ্রহীতাদেরকেও একই বিষয়ের উপর সচেতনতা/প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করবে। এ লক্ষ্যে, বার্ষিক ভিত্তিতে প্রশিক্ষণ সূচী প্রস্তুতপূর্বক তার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবে। এক্ষেত্রে, Virtual Platform ব্যবহার করতে পারবে।
- গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকা ও চট্টগ্রাম বিভাগের প্রতিটি জেলাসহ অন্যান্য বিভাগের প্রতিটি জেলায় তাদের বিদ্যমান Potential সকল অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করত প্রয়োজনীয় লোকবল নিয়োজিত করবে।
- ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Dedicated Sustainable Finance Help Desk পরিবেশবান্ধব এবং টেকসই অর্থায়ন সংক্রান্ত যে কোন পরামর্শ প্রদান ও ঋণ আবেদন প্রক্রিয়াকরণসহ সকল কার্যক্রম অগ্রাধিকার বিবেচনায় দ্রুততম সময়ের মধ্যে One stop সেবা প্রদান নিশ্চিত করবে।
- ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের Dedicated Sustainable Finance Help Desk পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়ন প্রাপ্তি বা এ সংক্রান্ত যে কোন অভিযোগ যথাযথভাবে আমলে নিবে। প্রাপ্ত অভিযোগসমূহের জন্য একটি পৃথক রেজিস্টার বহাল রাখা ও অগ্রাধিকার বিবেচনায় উক্ত অভিযোগ ট্র্যাকিংসহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

- চ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহ পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের বর্তমান ও সম্ভাব্য ঋণগ্রহীতা, উৎপাদক, সরবরাহকারী, সেবা পরিবেশক, Association এর সুশৃংখল ডেটাবেইজ সংরক্ষণ করবে।
- ছ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট/আঞ্চলিক কার্যালয়/হেল্প ডেস্কসমূহ প্রতি বছর ন্যূনতম ৩ জন উদ্যোক্তাকে খুঁজে বের করে তাদের পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের উপর প্রশিক্ষণ প্রদান করবে এবং তাদের মধ্যে ন্যূনতম ১ জন উদ্যোক্তাকে উক্ত খাতে অর্থায়ন করবে।
- জ) যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ বিতরণ সঞ্চিত কার্যক্রম তাদের প্রধান কার্যালয় ভিত্তিক কেন্দ্রীয় ব্যবস্থায় পরিচালিত হয়, তারা Potential শাখা/উপশাখা/ইউনিটে Dedicated Sustainable Finance Help Desk স্থাপনপূর্বক এর কার্যক্রম পরিচালনা করবে।
- ঝ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের উপর অগ্রগতি প্রতিবেদন মাসিক এবং ত্রৈমাসিক ভিত্তিতে যথাক্রমে তাদের সাসটেইনেবল ফাইন্যান্স কমিটি এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির নিকট আবশ্যিকভাবে দাখিল করবে।
- ঞ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি ত্রৈমাস অঙ্কে পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে সংযোজনী-১ এ বর্ণিত ছক মোতাবেক তথ্য/উপাত্ত সন্নিবেশ করে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করবে। আলোচ্য প্রতিবেদনটি Sustainable Finance Report এর অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।
- ট) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সকল শাখায় এসএফডি সার্কুলার নং- ৫/২০২০ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২০ এ বর্ণিত (সময়ে সময়ে পরিবর্তনশীল) পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের product list সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন করবে। পাশাপাশি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা ব্যবস্থাপকবৃন্দ উক্ত অর্থায়নে তাদের শাখাসমূহের কার্যক্রম প্রতিবেদন আকারে ষান্মাসিক ভিত্তিতে Display board এ প্রদর্শন করবে।
- ঠ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের Sustainable Finance Unit ও Dedicated Sustainable Finance Help Desk এ নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের গৃহীত অভিজ্ঞতা ও প্রশিক্ষণ প্রতিফলিত করার সর্বোচ্চ সুযোগ দিবে। অধিকন্তু, উক্ত Unit ও Desk এ নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বদলীর বিপরীতে যোগ্য পরিবর্তককে নিয়োজিত করবে।
- ড) নারী উদ্যোক্তা, সমাজের অনগ্রসর গোষ্ঠী, Third gender, শারীরিক ও মানসিকভাবে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের প্রয়োজন মোতাবেক পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের ক্ষেত্রে অগ্রাধিকার বিবেচনায় দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করবে।
- ঢ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব উৎস হতে পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জামানতবিহীন অর্থায়ন সুবিধা বিবেচনা করতে পারে। এছাড়া, উক্ত অর্থায়নে প্রয়োজনের নিরিখে গ্রাহককে যৌক্তিক পর্যায়ে গ্রেস পিরিয়ড সুবিধা প্রদান করতে পারে।
- ৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: (সংযোজনী-১)

(খন্দকার মোরশেদ মিল্লাত)

পরিচালক (এসএফডি)

ফোন : ৯৫৩০৩২০

সংযোজনী-১

Dedicated Sustainable Finance Help Desk এর কর্মকাণ্ডের উপর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন

ক্রমিক নং	বিষয়	সংখ্যা/পরিমাণ/মন্তব্য
১	মোট শাখার সংখ্যা	
২	Dedicated Sustainable Finance Help Desk এর সংখ্যা	
৩	Help Desk এ নিয়োজিত মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	
৪	Help Desk এ নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণ গ্রহণ সংখ্যা	
৫	প্রতিটি Help Desk এর জন্য পৃথক পৃথক পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে কি-না?	
৬	Help Desk এর মাধ্যমে টেকসই অর্থায়ন সংক্রান্ত গৃহীত আবেদনের সংখ্যা ও পরিমাণ	
৭	Help Desk এর মাধ্যমে টেকসই অর্থায়ন সংক্রান্ত আবেদনের বিপরীতে মঞ্জুরীকৃত ঋণের সংখ্যা ও পরিমাণ	
৮	প্রতি বছর ন্যূনতম ৩ জন উদ্যোক্তাকে খুঁজে বের করে তাদের পরিবেশবান্ধব অর্থায়নসহ টেকসই অর্থায়নের উপর প্রশিক্ষণ প্রদানপূর্বক ন্যূনতম ১ জন উদ্যোক্তাকে উক্ত খাতে অর্থায়ন করা হয়েছে কি-না?	
৯	Help Desk এর মাধ্যমে টেকসই অর্থায়ন সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের সংখ্যা	
১০	Help Desk এর মাধ্যমে টেকসই অর্থায়ন সংক্রান্ত নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	
১১	ঢাকা ও চট্টগ্রাম বিভাগের প্রতিটি জেলাসহ অন্যান্য বিভাগের প্রতিটি জেলায় তাদের বিদ্যমান Potential সকল অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন করা হয়েছে কি-না?	
১২	টেকসই অর্থায়ন সংক্রান্ত ঋণ মঞ্জুরী/বিতরণ হয়নি এরূপ Help Desk এর সংখ্যা	
১৩	Sustainable Finance Unit এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে সাসটেইনেবল ফাইন্যান্স কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি/নির্বাহী কমিটির নিকট দাখিল করা হয় কি-না?	